# BANGALJHI RAMKRISHNA ASHRAM HIGH SCHOOL (H.S.)

**Sankalpa — 2026**

**Class: X** **Subject: Bengali** **F.M.: 90**

**Time: 3 hours 15 mins.**

**১. সঠিক উত্তরটি নির্বাচন করো:** **(১×১৭ = ১৭)**

১.১ "তপনের হাত আছে" — "হাত আছে" বলতে বোঝায়—

(ক) ভাষার দখল (খ) হস্তক্ষেপ (গ) ষড়যন্ত্র (ঘ) যোগাযোগ

১.২ "হরিদার ঘরে আড্ডা দিত"—

(ক) চারজন (খ) তিনজন (গ) পাঁচজন (ঘ) ছয়জন

১.৩ "তোমার চিন্তা নেই ঠাকুর"— বক্তা কে?

(ক) তেওয়ারি (খ) তলোয়ারকর (গ) নিমাইবাবু (ঘ) গিরীশবাবু

১.৪ "হাত বাড়িয়ে বুলেট তাড়াই"—

(ক) শান্তির বর্ম (খ) অহিংসার বর্ম (গ) গানের বর্ম (ঘ) সম্প্রীতির বর্ম

১.৫ "আনে রথ ত্বরা করি"— বক্তা কে?—

(ক) রাবণ (খ) বিভীষণ (গ) রত্নাকর (ঘ) ইন্দ্রজিৎ

১.৬ জরায় মরা মুমূর্ষুদের প্রাণ লুকানো আছে—

(ক) অস্ত্র জঠায় (খ) মহানিশায় (গ) কালবৈশাখীর ঝড়ে (ঘ) প্রলয়ের বিনাশে

১.৭ ওস্তাদ কলমবাজদের বলা হয়—

(ক) শ্রুতিলেখক (খ) লিপিকর (গ) ক্যালিগ্রাফিস্ট (ঘ) গল্পকার

১.৮ "মুঘল দরবারে একদিন তাদের কত না খাতির, কত না সম্মান"— "তাদের" বলতে কাদের কথা বলা হয়েছে—

(ক) লিপি-কুশলী (খ) চিত্র-কুশলী (গ) কুশলী -কথাকার (ঘ) কুশলী- বক্তা

১.৯ "Connotation" শব্দটির অর্থ কী—

(ক) অর্থব্যাপ্তি (খ) অর্থ রূপান্তর (গ) অর্থ সংকোচ (ঘ) বিপরীত অর্থ

১.১০ খাঁটি বাংলায় বিভক্তি শূন্য শব্দটি হল—

(ক) সম্বোধন পদ (খ) সম্বন্ধ পদ (গ) নাম পদ (ঘ) ক্রিয়া পদ

১.১১ "বলদ দুধ দেয়, গাভী লাঙল টানে"— এই বাক্যে বাক্য নির্মাণের কোন শর্ত অনুপস্থিত—

(ক) আকাঙ্ক্ষা (খ) আসত্তি (গ) যোগ্যতা (ঘ) কোনটিই নয়

১.১২ 'দুর্ভিক্ষ' সমাসটি গড়ে উঠেছে—

(ক) যোগ্যতা অর্থে (খ) সামীপ্য অর্থে (গ) বৈপরীত্য অর্থে (ঘ) অভাব অর্থে

১.১৩ পূর্বপদ উপমেয়, পরপদ উপমান, সাধারণধর্ম অনুপস্থিত— এই বৈশিষ্ট্য দেখা যায়—

(ক) উপমান কর্মধারয়　　　(খ) উপমিত কর্মধারয়　　　(গ) রূপক কর্মধারয়　　　(ঘ) সাধারণ কর্মধারয়

১.১৪ কর্মবাচ্যের কর্তাকে বলে—

(ক) উক্ত কর্তা　(খ) অনুক্ত কর্তা　(গ) সহযোগী কর্তা　(ঘ) ব্যতিহার কর্তা

১.১৫ "পাঁচদিন নদীকে দেখা হয় নাই"— এটি কোন্ বাচ্যের উদাহরণ—

(ক) কর্তৃবাচ্য　(খ) ভাববাচ্য　(গ) কর্মবাচ্য　(ঘ) কর্মকর্তৃবাচ্য

১.১৬ হায়, তোমার এমন দশা কে করলে। এটি কোন্ ধরনের বাক্য—

(ক) অনুজ্ঞাসূচক বাক্য　(খ) বিস্ময়সূচক বাক্য　(গ) নির্দেশক বাক্য　(ঘ) প্রশ্নবোধক বাক্য

১.১৭ বাক্যের যোগ্যতা বলতে বোঝায়—

(ক) বাস্তবতা　(খ) কৌতূহল　(গ) আকর্ষণ　(ঘ) মনোভাব

**২. কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও:　(১×১৯ = ১৯)**

**২.১ যে-কোনো <u>চারটি</u> প্রশ্নের উত্তর দাও:　(১×৪ = ৪)**

**২.১.১** "সূচিপত্রেও নাম রয়েছে"— সূচিপত্রে কী লেখা ছিল?

**২.১.২** "সন্ন্যাসী হাসলেন আর চলে গেলেন"— সন্ন্যাসী কী দেখে হাসলেন আর চলে গেলেন?

**২.১.৩** "তবে এ বস্তুটি পকেটে কেন?"— কোন্ বস্তুটি পকেটে ছিল?

**২.১.৪** "নদের চাঁদ সব বোঝে"— নদের চাঁদ কী বোঝে?

**২.১.৫** শোনবামাত্র অমৃত ফতোয়া জারি করে দিল— ফতোয়াটা কী?

**২.২ যে-কোনো <u>চারটি</u> প্রশ্নের উত্তর দাও:　(১×৪ = ৪)**

**২.২.১** "দেহ আজ্ঞা মোরে"— কে, কীসের আজ্ঞা চেয়েছেন?

**২.২.২** "কবির সংগীতে বেজে উঠেছিল"— কবির সংগীতে কী বেজে উঠেছিল?

**২.২.৩** আয় আরো বেঁধে বেঁধে থাকি— একথা বলার কারণ কী?

**২.২.৪** "সেই মেয়েটির মৃত্যু হলো না"— কোন্ মেয়েটির মৃত্যু হল না?

**২.২.৫** বধূরা প্রদীপ তুলে ধর— কেন একথা বলা হয়েছে?

**২.৩ যে-কোনো <u>তিনটি</u> প্রশ্নের উত্তর দাও:　(১×৩ = ৩)**

**২.৩.১** "পুকুর তা ফেলে আসতাম"— পুকুরে ফেলার কারণ কী?

**২.৩.২** সিজার যে কলমটি দিয়ে ক্যাসকাকে আঘাত করেছিলেন সেটি কী ছিল?

**২.৩.৩** বিশ্ববিদ্যালয় নিযুক্ত পরিভাষা সমিতি নামগত রাসায়নিক বস্তুর ইংরেজি নাম প্রকাশের কী বিধান দিয়েছেন?

**২.৩.৪** "বৈজ্ঞানিক সাহিত্যে যত কম থাকে ততই ভালো"— কী কম থাকার কথা বলা হয়েছে?

**২.৪ যে-কোনো <u>৮টি</u> প্রশ্নের উত্তর দাও:　(১×৮ = ৮)**

**২.৪.১** শূন্য বিভক্তিকে শূন্য বলা হয় কেন?

**২.৪.২** বিভক্তি ও নির্দেশকের একটি পার্থক্য লেখো।

**২.৪.৩** সমধাতুজ করণের একটি উদাহরণ দাও।

**২.৪.৪** "চরণ কমলের ন্যায়"— ব্যাসবাক্যটি সমাসবদ্ধ করে সমাসের নাম লেখো।

**২.৪.৫** "বাক্যাশ্রয়ী" সমাস কাকে বলে? উদাহরণ দাও।

**২.৪.৬** ভাববাচ্যে কর্তা লুপ্ত অবস্থায় আছে এমন একটি বাক্য লেখো।

**২.৪.৭** "আসো যুগান্তরের কবি"— ভাব বাচ্যে পরিবর্তন করো।

**২.৪.৮** "সংগ্রহ করছিল দুর্গমের রহস্য"— জটিল বাক্যে রূপান্তর করো।

**২.৪.৯** যোগ্যতাহীন একটি বাক্যের উদাহরণ দাও।

**২.৪.১০** বিধেয় সম্প্রসারক বলতে কী বোঝায়? উদাহরণ দাও।

**৩. প্রসঙ্গ নির্দেশসহ কম-বেশি ৬০টি শব্দে উত্তর দাও: (৩ + ৩ = ৬)**

**৩.১ যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: (১×৩ = ৩)**

**৩.১.১** "পরিলেও মানুষটি তাকে রেহাই দিবে?"— কাকে রেহাই দেওয়া সম্পর্কে সংশয় প্রকাশ করা হয়েছে? কেন এমন বলা হয়েছে?

**৩.১.২** "ওঁর শান্ত গলা শুনে ওদের চিন্তা হলো"— শান্ত গলায় কে কী বলেছিলেন? ওদের চিন্তার কারণ কী?

**৩.২ যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: (১× ৩ = ৩)**

**৩.২.১** "এলো মানুষ ধরার দল"— মানুষ ধরার দল কোথায় এল? তাদের "মানুষ ধরার দল" বলার কারণ কী?

**৩.২.২** "জিজ্ঞাসিল মহাবাহু বিস্ময় মানিয়া"— কাকে মহাবাহু বলা হয়েছে? তাঁর বিস্ময়ের কারণ কী?

**৪. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: (১×৫ = ৫)**

**৪.১** "পলিটিকাল সাসপেক্ট সব্যসাচী মল্লিককে নিমাইবাবুর সম্মুখে হাজির করানো হইলো"— "পথের দাবী" পাঠ্যাংশে সন্দেহ ভাজন সব্যসাচী মল্লিক সম্পর্কে কী জানা যায়? তাঁকে জিজ্ঞাসাবাদের সময় সৃষ্টি হওয়া পরিস্থিতির বর্ণনা দাও। **১+৪=৫**

**৪.২** "আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন"— কার কথা বলা হয়েছে? কেন তার একথা মনে হয়েছে? **১+৪=৫**

**৫. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: (১×৫ = ৫)**

**৫.১** "পঞ্চকন্যা পাইলা চেতন"— এখানে "পঞ্চকন্যা" বলতে কাদের কথা বলা হয়েছে? তারা কীভাবে চেতনা ফিরে পেয়েছিল? **১+৪=৫**

**৫.২** "প্রলয়োল্লাস" কবিতায় কবি প্রলয় ও সৃষ্টি দুয়েরই প্রকাশ ঘটিয়েছেন, তা আলোচনা করো। **৫**

**৬. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: (১×৫ = ৫)**

**৬.১** “হারিয়ে যাওয়া কালি কলম” প্রবন্ধে কালি কলমের প্রতি ভালোবাসা কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো। ৫

**৬.২** “বাংলা ভাষায় বিজ্ঞানচর্চায় এখনও নানারকম বাধা আছে”— এই বাধা দূর করতে লেখক কী কী পরামর্শ দিয়েছেন? ৫

**৭. কম-বেশি ১২৫ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: (১×৪ = ৪)**

**৭.১** “জানি না, আজ কার রক্ত সে চায়”— বক্তা কে? এমন মন্তব্যের কারণ কী? ১+৩=৪

**৭.২** “বাংলা শুধু হিন্দুর নয়, বাংলা শুধু মুসলমানের নয়— মিলিত হিন্দু মুসলমানের এই মাতৃভূমি গুলবাগ এই বাংলা”— কাদের উদ্দেশ্য করে একথা বলা হয়েছে? বক্তার কী চারিত্রিক বৈশিষ্ট্য এখানে প্রতিফলিত হয়েছে? ১+৩=৪

**৮. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>দুটি</u> প্রশ্নের উত্তর দাও: (২×৫ = ১০)**

**৮.১** “ফাইট কোনি, ফাইট”— সাধারণ সাঁতারু থেকে চ্যাম্পিয়ন হয়ে উঠতে গিয়ে কোনিকে কী ধরনের ফাইট করতে হয়েছিল তা নিজের ভাষায় লেখো। ৫

**৮.২** “এটা বুকের মধ্যে পুষে রাখো”— কী পুষে রাখার কথা বলা হয়েছে? কারণ ব্যাখ্যা করো। ১+৪=৫

**৮.৩** “খাওয়ায় আর লোভ নেই ডায়েটি করি”— বক্তা কে? তার ডায়েটিং-এর পরিচয় দাও। ১+৪=৫

**৯. চলিত বাংলায় অনুবাদ করো: (৪)**

A Patriot is a man who loves his country, works for it, and is willing to fight and die for it. Every soldier is bound to do his duty, but the best soldier does more than this.

**১০. কম-বেশি ১৫০ শব্দে যে-কোনো <u>একটি</u> প্রশ্নের উত্তর দাও: (৫)**

**১০.১** “ভয়াবহ বন্যায় বিপর্যস্ত উত্তরবঙ্গ”— এ বিষয়ে একটি প্রতিবেদন রচনা করো।

**১০.২** নারী-স্বাধীনতা বিষয়ে দুই বন্ধুর মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো।

**১১. কম-বেশি ৪০০ শব্দে যে-কোনো <u>একটি</u> বিষয়ে প্রবন্ধ রচনা করো: (১০)**

১১.১ আধুনিক জীবনে বিজ্ঞান বনাম কুসংস্কার।

১১.২ বাংলার উৎসব।

১১.৩ তোমার জীবনের লক্ষ্য।

১১.৪ একটি ইতিহাস প্রসিদ্ধ স্থান ভ্রমণের অভিজ্ঞতা।